

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

ফেডারেল আইন অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনকে সেনাবাহিনীর রিক্রুটার এবং যেসব উচ্চশিক্ষা প্রতিষ্ঠান অনুরোধ করে তাদের কাছে ১১ ও ১২ গ্রেডের হাই স্কুল শিক্ষার্থীদের নাম, ঠিকানা, এবং ফোন নম্বর প্রকাশ করতে হয়। এর ব্যতিক্রম ঘটতে হলে আপনাকে বা আপনার সন্তানকে এই তথ্য প্রকাশে আপনাদের আপত্তির কথা আমাদের অবহিত করতে হবে।

যদিও আমাদের শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ, তারপরও আমাদেরকে আইন মেনে চলতে হবে। আপনি যদি ডিপার্টমেন্ট অব এডুকেশনকে এটা **লিখিতভাবে** না জানান যে আপনি আপনার সন্তানের তথ্যপ্রকাশে সম্মতি দিচ্ছেন **না**, তাহলে আমাদেরকে বাধ্যতামূলকভাবে আপনার সন্তানের নাম, ঠিকানা ও ফোন নম্বর সেনাবাহিনীর রিক্রুটার এবং যেসব উচ্চশিক্ষা প্রতিষ্ঠান আমাদের শিক্ষার্থী সম্পর্কিত এসব তথ্যের জন্য অনুরোধ জানায় তাদেরকে দিতে হবে।

আপনি যদি আপনার সন্তানের নাম ও যোগাযোগের তথ্য সেনাবাহিনীর রিক্রুটার এবং/অথবা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জানাতে **না** চান, তাহলে আপনাকে **অবশ্যই** সংযুক্ত ফরমটি পূরণ করে **অক্টোবর ১৭, ২০০৭** তারিখের মধ্যে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরের কাছে ফেরত দিতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন, আপনি আপনার সন্তানের তথ্য সেনাবাহিনীর রিক্রুটার, উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, অথবা উভয়ের কাছে থেকেই গোপন রাখতে পারেন। আপনি যদি ফরমটি ফেরত না পাঠান, তাহলে আমাদেরকে বাধ্যতামূলকভাবে সেনাবাহিনীর রিক্রুটার এবং/অথবা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে আপনার সন্তানের যোগাযোগের তথ্য দিতে হবে।

অনুগ্রহ করে জানবেন যে আপনি যে-কোন সময়ে আপনার মত পরিবর্তন করতে পারেন। আপনি যদি এবার ফরমটি জমা নাও দেন, তারপরও আপনি আপনার সন্তানের স্কুল-জীবনের **যে-কোন সময়ে** তার সম্পর্কিত তথ্য প্রকাশ না করতে দেয়ার সিদ্ধান্ত নিতে পারবেন। আপনি যদি পরে কখনও আপনার সিদ্ধান্ত পরিবর্তন করেন, তাহলে সেকথা অনুগ্রহ করে প্রিন্সিপ্যালকে লিখিতভাবে জানাবেন।

আপনার সন্তানেরও তার নাম না প্রকাশ করার অনুরোধ জানানোর অধিকার আছে। আমরা এ-বিষয়ে আপনাকে আপনার সন্তানের সাথে আলোচনা করার জন্য উৎসাহিত করছি।

আপনাকে ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত,

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

এই ফরম আপনার সন্তান সম্পর্কিত তথ্য, তার নাম, ঠিকানা ও ফোন নম্বর সেনাবাহিনীর রিক্রুটার এবং/অথবা যেসব উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এসব তথ্যের জন্য অনুরোধ জানায় তাদের কাছে প্রকাশ না করার সিদ্ধান্ত নিতে সক্ষম করবে।

যদি আপনি এসব তথ্য প্রকাশ করতে সম্মত *না* হন, তাহলে আপনি *অবশ্যই* সংযুক্ত ফরমটি *অক্টোবর ১৭, ২০০৭* তারিখের মধ্যে পূরণ করে আপনার সন্তানের গাইডেন্স কার্ডিন্সিলরের কাছে ফেরত দেবেন। যদি আপনি ফরমটি উক্ত তারিখের মধ্যে ফেরত না দেন, তাহলে অনুরোধ পেলে আমরা আপনার সন্তানের তথ্য প্রকাশ করবো। তবে আপনি একথাও জানবেন যে আপনি যদি এবার ফরমটি জমা নাও দেন, তারপরও আপনি আপনার সন্তানের স্কুল-জীবনের *যে-কোন সময়ে* তা করতে পারবেন এবং তথ্য প্রকাশ না-করা সম্পর্কিত সেই অনুরোধটিকে সম্মান জানানো হবে।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

বিশ্বস্ত,

পিতামাতার অসম্মতি-জ্ঞাপন ফরম

Parental Opt Out Form

আপনি যদি আপনার সন্তান সম্পর্কিত তথ্য, তার নাম, ঠিকানা ও ফোন নম্বর সেনাবাহিনীর রিক্রুটার এবং/অথবা যেসব উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এসব তথ্যের জন্য অনুরোধ জানাবে তাদের কাছে প্রকাশ করতে সম্মত *না* হন, অনুগ্রহ করে নিচের অংশটুকু পূরণ করুন।

শিক্ষার্থীর শেষ নাম: _____

শিক্ষার্থীর প্রথম নাম: _____

শিক্ষার্থীর নিবন্ধিত ক্লাস: _____

স্কুলের নাম: _____

আমি অনুরোধ করছি যে আমার সন্তানের নাম, ঠিকানা এবং ফোন নম্বর যেন নিম্নোক্তদের জানানো না হয় (উপযুক্ত ঘরে চিহ্ন দিন):

_____ সেনাবাহিনীর রিক্রুটার

_____ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান

_____ সেনাবাহিনীর রিক্রুটার এবং উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান উভয়ই

পিতামাতা/অভিভাবক স্বাক্ষর: _____

দয়া করে স্পষ্টাক্ষরে নাম লিখুন _____